

এন্টিবায়োটিক রেজিস্ট্র্যান্স সংবরণে জনসচেতনতামূলক কার্যক্রম

(মাইকিং/লাউডস্পিকার এনায়মেন্ট স্ক্রিপ্ট)

একটি বিশেষ ঘোষণা ! একটি বিশেষ ঘোষণা ! একটি বিশেষ ঘোষণা !

প্রিয় এলাকাবাসী

রোগ জীবাণুর বিরুদ্ধে মানব জাতির প্রধান অস্ত্র এন্টিবায়োটিক জাতীয় ঔষধ। অতিরিক্ত, অপরিষ্কৃত বা অযৌক্তিক এন্টিবায়োটিক ব্যবহারের ফলে এন্টিবায়োটিক প্রতিরোধী জীবাণু তৈরি হচ্ছে। ফলে, বেশিরভাগ ইনফেকশনেও এন্টিবায়োটিক কাজ করছে না। এন্টিবায়োটিক রেজিস্ট্র্যান্স প্রতিরোধে-

- ১) কেবলমাত্র ডাক্তারের প্রেসক্রিপশন অনুযায়ী নিয়ম মেনে এন্টিবায়োটিক সেবন করুন।
- ২) ডাক্তারের পরামর্শ ছাড়া সাধারণ সর্দি-কাশি, ভাইরাল জ্বর, ডায়রিয়া, কোভিড-১৯ সহ অন্যান্য ভাইরাস জনিত রোগে এন্টিবায়োটিক নিবেন না।
- ৩) জীবাণু প্রতিরোধে ব্যক্তিগত পরিচ্ছন্নতা বজায় রাখুন এবং সকল কাজে নিরাপদ পানি ব্যবহার করুন।
- ৪) মাছ, হাঁস-মুরগী ও পশুর খাবারে এবং কৃষিকাজে অপ্রয়োজনীয় এন্টিবায়োটিক ব্যবহারে বিরত থাকুন।

স্লোগান

"এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হই, সকলে মিলে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্র্যান্স প্রতিরোধ করি"

প্রচারেঃ সিডিসি, রোগ নিয়ন্ত্রণ বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা, বাংলাদেশ।